

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১২৫ প্রতিবেশীর সাথে সদাচার পরিচ্ছেদঃ ৬৮- প্রতিবেশীর অভিযোগ ।

بَابُ شِكَايَةِ الْجَارِ

## আরবী

حَدَّثَنَا مَخْلَدُ بْنُ مَالِكِ، قَالَ: حَدَّثَنَا أَبُو زُهَيْرٍ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَغْرَاءَ، قَالَ: حَدَّثَنَا الْفَصْلُ يَعْنِي ابْنَ مُبَشِّرٍ قَالَ: سَمِعْتُ جَابِرًا يَقُولُ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم يَسْتَعْدِيهِ عَلَى جَارِهِ، فَبَيْنَا هُوَ قَاعِدٌ بَيْنَ الرُّكْنِ وَالْمَقَامِ إِذْ أَقْبَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَرَآهُ الرَّجُلُ وَهُوَ مُقَاوِمٌ رَجُلاً عَلَيْهِ ثِيَابٌ بَيَاضٌ عِنْدَ الْمَقَامِ حَيْثُ يُصِلُونَ عَلَى الْجَنَائِذِ، فَأَقْبَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللهِ، مَنِ الرَّجُلُ النَّبِيُ صلى الله عليه وسلم فَقَالَ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللهِ، مَنِ الرَّجُلُ الَّذِي رَأَيْتُهُ وَلَا النَّبِيُ صلى الله عليه وسلم فَقَالَ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللهِ، مَنِ الرَّجُلُ الَّذِي رَأَيْتُهُ وَلَا يَعُمْ، قَالَ: لَكَ مُعْكَ مُقَاوِمَكَ عَلَيْهِ ثِيَابٌ بِيضٌ وَاللهِ رَسُولُ رَبِّي، مَا زَالَ يُوصِينِي رَأَيْتُهُ وَيَالًا لَنْ يُوصِينِي الْجَارِ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ جَاعِلٌ لَهُ مِيرَاتًا.

## বাংলা

১২৫। জাবের (রাঃ) বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তার প্রতিবেশীর বিরুদ্ধে অভিযোগ করতে আসলো। সে 'রুকন' ও 'মাকাম'-এর মধ্যবর্তী স্থানে বসা অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে পৌছলেন। সে দেখলো যে, তিনি মাকামের নিকট একজন সাদা বস্ত্র পরিহিত লোকের সামনে দাঁড়ানো, যেখানে জানাযার নামায পড়া হয়। সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে এসে বললো, হে আল্লাহর রাসূল! আমার পিতা-মাতা আপনার জন্য কোরবান হোক। আপনার সামনে সাদা বস্ত্র পরিহিত যে লোকটিকে আমি দেখলাম তিনি কে? তিনি বলেনঃ তুমি কি তাকে দেখতে পেয়েছো? সে বললো, হাঁ। তিনি বলেনঃ তুমি প্রভূত কল্যাণ প্রত্যক্ষ করছো। তিনি আমার প্রভুর বার্তাবাহক জিবরাঈল (আবু দাউদ)। তিনি আমাকে প্রতিবেশী সম্পর্কে এতো নসীহত করতে থাকেন যে, আমি মনে মনে ভাবলাম, তিনি হয়তো প্রতিবেশীকে তার (অপর প্রতিবেশীর) ওয়ারিস বানাবেন।

## **English**



Jabir said, "A man came to the Prophet, may Allah bless him and grant him peace, to complain to him about the enmity of his neighbour. While he was sitting between the Corner and the Maqam, the Prophet, may Allah bless him and grant him peace, approached with a man who was wearing a white garment. They went to the Maqam where they were praying for the dead. He went up to the Prophet, may Allah bless him and grant him peace, and said, 'May my mother and my father be your ransom, Messenger of Allah! Who is this man I see with you wearing the white garment?' 'You saw him?' he asked. 'Yes,' the man replied. He said, 'Then you have seen much good. That was Jibril, may Allah bless him and grant him peace, the Messenger of my Lord. He kept on recommending that I treat my neighbours well until I thought that he would order me to make them my heirs.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন